# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

## Answer with Explanation

1. (a) ক্যাগ (CAG)- কার্যক্ষেত্রে আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্সকে কাজে লাগানোর জন্য সম্প্রতি আইআইটি দিল্লি'র সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

2. (d) সম্প্রতি ২০২৩ সালের সরস্বতী সম্মানে ভূষিত হলেন বিশিষ্ট মালয়ালম কবি ও লেখক প্রভা ভার্মা। তাঁর লেখা 'রৌদ্র সাত্ত্বিকম' নামক কাব্যগ্রন্থের জন্য তিনি এই পুরস্কারে ভূষিত হলেন।

3. (c) সম্প্রতি প্রাবোও সুবিয়ান্তো দোজোহাদিকুসুমো ইন্দোনেশিয়া'র প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন। তিনি এইবারের নির্বাচনে ৫৮.৬ শতাংশ ভোট পেয়েছেন।

4. (b) ২১ মার্চ সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড পোয়েট্রি ডে পালিত হল, যার এবছরের থিম হল-'Standing on the Shoulders of Giants'.

5. (a) সম্প্রতি ভারতের প্রথম রাজ্য হিসাবে রাজস্থান 'স্টেট ওয়াটার রিসোর্স ইনফর্মেশন সিস্টেম ড্যাশবোর্ড' চালু করেছে।

6. (b) সম্প্রতি কেন্দ্রীয় সরকার হাইতি থেকে নিরাপদে ভারতে ফিরিয়ে আনার জন্য 'অপারেশন ইন্দ্রাবতী' কার্যকরী করেছে।

7. (b) সম্প্রতি নবীন জিন্দল ইন্ডিয়ান স্টিল অ্যাসোসিয়েশন'-এর প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী দিলীপ ওমেনে'র স্থলাভিষিক্ত হলেন।

8. (a) আসন্ন ২০২৪ সালের অলিম্পিকের পতাকা বাহক হিসাবে ভারতীয় ক্রীড়াবিদ আচন্ত শরৎ কমল নির্বাচিত হয়েছেন।

9. (a) ২১ মার্চ সারা বিশ্বজুড়ে 'ইন্টারন্যাশনাল ডে অফ ফরেস্ট' পালিত হল, যার এবছরের থিম হল-'Forest and Innovation: New Solutions for a Better World'.

10. (a) ২১ মার্চ সারা বিশ্বজুড়ে পালিত হওয়া 'ওয়ার্ল্ড পাপেট্রি ডে'র এবছরের থিম হল- 'The Climate'.

11. (d) সম্প্রতি নীরজ মিত্তল ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন বোর্ড অফ ইউনিয়নের ডিজিটাল ইনোভেশন বোর্ডের কো-চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি বর্তমানে ভারতের টেলিকমিউকেশন মন্ত্রকের সচিব হিসাবে নিযুক্ত আছেন।

12. (d) সম্প্রতি রাষ্ট্রসংঘ কর্তৃক গৃহীত হয়েছে আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স গ্লোবাল রেজোলিউশন। মার্কিন যুক্তরাষ্ট্র বিশ্বের প্রথম দেশ হিসাবে ননবাইন্ডিং রেজোলিউশন প্রস্তাব করেছিল।

13. (b) সম্প্রতি ফ্রান্সের বিশিষ্ট গণিতজ্ঞ মাইকেল পিয়েরি তালাগ্র্যান্ড ২০২৪ সালের অ্যাবেল প্রাইজে ভূষিত হয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য, অ্যাবেল প্রাইজটি গণিতশাস্ত্রে প্রদত্ত নোবেল প্রাইজ হিসেবে বিবেচিত হয়।

14. (a) লুইস ফিলিপ মন্টেনিগ্রো সম্প্রতি পর্তুগাল দেশের প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত হয়েছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী অন্টানিও কোস্টা'র স্থলাভিষিক্ত হলেন।

15. (d) সম্প্রতি নিউ ইন্ডিয়া অ্যাসুরেন্স কোম্পানি'র সিএমডি হিসাবে নিযুক্ত হলেন গিরিজা শুভ্রমনিয়ান। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী নীরজা কাপুরের স্থলাভিষিক্ত হলেন।

16. (a) সম্প্রতি অনুষ্ঠিত ২০২৪ সালের ফিডার বেইরুট ওয়ার্ল্ড টেবিল টেনিস প্রতিযোগিতায় পুরুষদের সিঙ্গলসে চ্যম্পিয়ন হয়েছেন ভারতের জি সাতিয়ান। তিনি এম ভি ঠকরকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছেন।

17. (a) ২৩ মার্চ সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড মেটিওরোলজিল্যাল ডে পালিত হয়ে গেল, যার এবছরের থিম হল—'At the Frontline of Climate Action'.

18. (c) সম্প্রতি এভারেডি ইন্ডাস্ট্রীজ লিমিটেডের বিপণনদূত হিসাবে নিযুক্ত হলেন ২০২০ সালে টোকিও অলিম্পিকে সোনার মেডেল জয়ী জাভলিন থ্রোয়ার নীরজ চোপড়া।

19. (c) ইন্টারন্যাশনাল অ্যাস্ট্রোনমিক্যাল ইউনিয়ন ভারতের চন্দ্রযান-৩ -এর ল্যান্ডার বিক্রমের সফল অবতরণ স্থানের নাম স্টেশিও শিবশক্তি রাখার অফিসিয়াল অনুমোদন প্রদান করেছে।

20. (b) সম্প্রতি অনুষ্ঠিত ২০২৪ সালের ফিডার বেইরুট-২ ওয়ার্ল্ড টেবিল টেনিস প্রতিযোগিতায় মহিলাদের সিঙ্গলসে চ্যম্পিয়ন হয়েছেন সৃজা আকুলা।

21. (a) ২৪ মার্চ সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড টিউবারকিউলোসিস ডে পালিত হয়ে গেল, যার এবছরের থিম হল-' Yes! We can end TB'.

22. (d) সম্প্রতি পেইউ পেমেন্টস প্রাইভেট লিমিটেড নামক আর্থিক কোম্পানি অনলাইন রিটেল সমস্যা সলিউশনের জন্য প্রথম ডাউন পেমেন্ট ইএমআই পরিষেবা চালু করেছে।

23. (b) সম্প্রতি বিপদগ্রস্ত গ্রেট ইন্ডিয়ান বাস্টার্ড নামক পাখির সংরক্ষণে ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বাধীনে সুপ্রিম কোর্ট সাত সদস্যের এক এক্সপার্ট কমিটি গঠন করেছে।

24. (a) ভারতের নির্বাচন কমিশন এবারের লোকসভা নির্বাচনে প্রতিবন্ধী মানুষদের ভোটদানে সরলতা আনতে সম্প্রতি 'সক্ষম' নামক পরিষেবা চালু করেছে। এর আওতায় ৮৫ বছরের উর্ধ্বে নাগরিকগণ এবং ৪০ শতাংশ প্রতিবন্ধকতাযুক্ত নাগরিকদের বাড়িতে বসে ভোট দানের সুবিধা প্রদান করা হবে।

25. (d) ২০২৪ সালের ২৩ মার্চ তারিখে সারা বিশ্বজুড়ে 'আর্থ আওয়ার' পালিত হয়ে গেল। অ্যাচিভার্স

26. (b) ইজরায়েল নামক দেশের অ্যারোস্পেস ইন্ডাস্ট্রিজ নতুন দিল্লিতে ইন্ডিয়ান সাবসিডিয়ারি অ্যারোস্পেস সার্ভিস ইন্ডিয়া চালু করেছে।

27. (a) ভারতের লোকপালের জুডিশিয়াল সদস্য হিসেবে নিযুক্ত হয়েছেন ঋতুরাজ অবস্থি। এদিন ওই সংস্থার নন-জুডিশিয়াল সদস্য হিসেবে নিযুক্ত হয়েছেন– পঙ্কজ কুমার, অজয় তিরকে।

28. (c) এসবিআই মিউচুয়্যাল ফান্ড সম্প্রতি সবিতা অয়েল টেকনোলজিজের ৩ শতাংশ শেয়ার অধিগ্রহণ করেছে।

29. (d) সম্প্রতি ১৮টি সাইট ইউনেস্কো গ্লোবাল জিওপার্কের তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে, যেগুলি ব্রাজিল, চীন, ক্রোয়েশিয়া, ডেনমার্ক, ফিনল্যান্ড, ফ্রান্স, গ্রিস, হাঙ্গেরি, পোল্যান্ড, পর্তুগাল ও স্পেনে অবস্থিত। অ্যাচিভার্স

30. (d) ভারত সরকার ২০২৪-২৫ অর্থবর্ষের জন্য সোনা ও রুপো আমদানির জন্য বিভিন্ন ব্যাঙ্ককে অনুমোদন প্রদান করেছে। সোনা আমদানীর তালিকায় যে যে ব্যাঙ্কগুলি রয়েছে সেগুলি হল PNB, Union Bank of India এবং ইন্ডিয়ান ওভারসীজ ব্যাঙ্ক।

31. (c) ব্যাঙ্ক অফ মহারাষ্ট্রের এমডি এবং সিইও হিসেবে নিযুক্ত হলেন নিধু সাক্সেনা। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী এ এস রাজীব কুমারের স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

32. (b) ভারতের কিংবদন্তী ক্রীড়াবিদ ইন্টারন্যাশনাল হকি ফেডারেশনের কো-চেয়ারপার্সন হিসেবে নিযুক্ত হলেন। তাঁর পাশাপাশি চীনের হকি খেলোয়াড় ক্যামেলিয়া ক্যারামও এই পদে নিযুক্ত হয়েছেন। অ্যাচিভার্স

33. (a) সম্প্রতি আরবিআই কর্তৃক প্রকাশিত এক রিপোর্ট অনুযায়ী ২০২৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত ভারতের মধ্যে সর্বাধিক অর্থাৎ ২০.৪০ মিলিয়ন ক্রেডিট কার্ড ইস্যু করেছে। এই তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে এসবিআই (১৮.৭৫ মিলিয়ন) এবং তৃতীয় স্থানে রয়েছে আইসিআইসিআই ব্যাঙ্ক (১৬.৮৪ মিলিয়ন)।

34. (a) সম্প্রতি ফিকি লেডিজ অর্গানাইজেশনের প্রেসিডেন্ট হিসেবে জয়শ্রী দাস এই পদে পূর্ববর্তী পদাধিকারী সুধা শিবকুমারের স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

35. (a) বাসিরু দিত্তমায়েফায়ে সম্প্রতি সেনেগালের প্রেসিডেন্ট হিসেবে এই পদে পূর্ববর্তী পদাধিকারী ম্যাকি সালের স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

36. (c) ৩০ মার্চ ইন্টারন্যাশনাল ডে অফ জিরো ওয়েস্ট পালিত হল। 'UNEP' এবং 'UN-Habitat' যৌথভাবে প্রথম এই দিবসটি পালন করা শুরু করেছিল।

37. (d) আদানি এন্টারপ্রাইজ লিমিটেডের অধীনস্ত কচ্ছ কপার লিমিটেড সম্প্রতি মুন্দ্রায় তাদের প্রথম গ্রিন ফিল্ড কপার রিফাইনারি প্রোজেক্ট চালু করেছে। এখানে বছরে ০.৫ মিলিয়ন টন কপার রিফাইন করা হবে।

38. (d) OeEB ভারতের শক্তি ক্ষেত্রের সম্প্রসারণের জন্য Ampian Energy Transition Private Ltd. এর সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

39. (c) R&T Finance Holdings Ltd.-এর নাম পরিবর্তন করে R&T Finance Limited রাখা হয়েছে। অ্যাচিভার্স

40. (b) রেল বিকাশ নিগম লিমিটেড এবং সালাসর টেকনো ইঞ্জিনিয়ারিং লিমিটেড সম্প্রতি যৌথভাবে রাওয়াল্ডায় ৬০ কোটির ট্রান্সমিশন প্রোজেক্ট এর বরাত পেয়েছে।

41. (b) সম্প্রতি ভারতীয় ব্যাডমিন্টন তারকা অনুপমা উপাধ্যায় ওরলেন পোলিশ ওপেন ব্যাডমিন্টন খেলায় মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হয়েছেন। অ্যাচিভার্স

42. (c) সদ্য সমাপ্ত হওয়া ইউথ ওয়ার্ল্ড বক্সিং কাপ ২০২৪ প্রতিযোগিতায় ভারত মোট ২৬টি মেডেল (সোনা- ৫, রুপো-৯ এবং ব্রোঞ্জ-১২) জয়লাভ করেছে।

43. (a) সম্প্রতি অসম রাজ্যের ১৯টি ঐতিহ্যবাহী হস্তশিল্প জিআই ট্যাগ লাভ করেছে। এদিন ত্রিপুরার ২টি, মেঘালয়ের ৪টি পণ্যও জিআই ট্যাগ লাভ করেছে। অ্যাচিভার্স

44. (d) সম্প্রতি PTC India শক্তি ডোমেন বিষয়ে গবেষণা ও উন্নয়নের জন্য 'Centre of Excellence' গড়ে তুলতে ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউটের সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে। অ্যাচিভার্স

45. (b) ইসরো বর্তমান যুব সমাজকে মহাকাশ প্রযুক্তিবিদ্যায় পড়াশোনার আগ্রহ তৈরির জন্য 'START-2024' চালু করেছে। এপ্রিল থেকে মে ২০২৪ পর্যন্ত এই প্রোগ্রাম চলবে।

46. (a) অবৈধ ঋণ প্রদানকারী অ্যাপের বাড়বাড়ন্ত রুখতে বা তার বিরুদ্ধে লড়াই করতে আরবিআই সম্প্রতি Digital India Trust Agency প্রতিষ্ঠা করতে চলেছে। আরবিআই এই বিষয়ে ৪৪২টি ডিজিটাল লেনদেনের অ্যাপকে চিহ্নিতকরণ করেছে। অ্যাচিভার্স

47. (a) অশোককুমার একজন কিংবদন্তী হকি খেলোয়াড়। তিনি মেজর ধ্যানচাঁদ লাইফ টাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ডের পুরস্কার মূল্য হিসেবে নগদ ২৫ লক্ষ টাকা পেয়েছেন।

48. (b) ৩১ মার্চ সারা বিশ্বজুড়ে 'International Transgender Day of Visibility' পালিত হল। এই দিবসটি ২০০৯ সালে প্রথম পালন করা শুরু হয়েছিল। অ্যাচিভার্স

49. (a) সম্প্রতি 'লঘু উদ্যোগ ভারতী' নামক সংস্থা MSME Competitive Loan Scheme'-এ যোগদানের সচেতনতা গড়ে তুলতে 'কোয়ালিটি কাউন্সিল অফ ইন্ডিয়া'র সঙ্গে মউ স্বাক্ষর করেছে। অ্যাচিভার্স

50. (a) সম্প্রতি Tata AIG General Insurance Company Limited -ট্রাভেল গার্ডপ্লাস নামক ভ্রমণ বিমা চালু করেছে। এই বিমার আওতায় ৪১ ধরনের বিষয়ের ওপর বিমা প্রদান করা হবে।

51. (c) ১-২ এপ্রিল লাক্ষাদ্বীপ কেন্দ্রশাসিত অঞ্চলে ভারতীয় উপকূলরক্ষী বাহিনীদের মধ্যে উপকূলীয় মহড়া ‘সাগর কবচ ০১/২৪’ অনুষ্ঠিত হল। অ্যাচিভার্স

52. (b) সম্প্রতি প্রকাশিত Business Environment’ Ranking-এ প্রথম স্থানে রয়েছে সিঙ্গাপুর।

53. (a) সম্প্রতি রাকেশ মোহন বিশ্বব্যাঙ্ক গ্রুপের ‘ইকনমিক অ্যাডভাইজর’ প্যানেলের সদস্য হিসেবে নিযুক্ত হয়েছেন। এর চেয়ারম্যান হিসেবে নিযুক্ত আছেন ইন্দরমিৎ গিল।

54. (c) ৫ এপ্রিল সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল ডে অফ কনসায়েন্স পালিত হল। ২০২০ সালে প্রথম এই দিনটি পালিত হওয়া শুরু হয়েছিল। অ্যাচিভার্স

55. (a) সম্প্রতি BEML Limited দেশীয় প্রযুক্তিতে ট্রেন কন্ট্রোল ম্যানেজমেন্ট সিস্টেম চালু করতে BEL-এর সঙ্গে মউ স্বাক্ষর করেছে। BEML Limited পূর্বে ভারত আর্থ মুভার্স লিমিটেড নামে পরিচিত ছিল। অ্যাচিভার্স

56. (c) মিরাজ তানপুরা এবং মিরাজ সেতার মহারাষ্ট্রের যন্ত্র হিসেবে জিআই ট্যাগ লাভ করেছে। এদিন উত্তরপ্রদেশের ‘থোতিয়া গেহু’-ও জিআই ট্যাগ লাভ করেছে।

57. (b) আরবিআই সম্প্রতি IDFC First Bank-কে ব্যাঙ্কিং গাইডলাইন না মানার কারণে ১ কোটি টাকা জরিমানা করেছে। আরবিআই-এর 47A(1)(C) ধারা অনুযায়ী এই জরিমানা করেছে। অ্যাচিভার্স

58. (d) সম্প্রতি আমেরিকান এক্সপ্রেস নামক সংস্থা মেটাল কর্পোরেট প্ল্যাটিনাম কার্ড চালু করেছে।

59. (a) সম্প্রতি ভারতের SJVN Ltd. নামক সংস্থা CIDC বিশ্বকর্মা অ্যাওয়ার্ডের ‘ক্রিয়েটিং সোশ্যাল ডেভেলপমেন্ট’ বিভাগে পুরস্কৃত হয়েছে। অ্যাচিভার্স

60. (c) NCDFI-এর চেয়ারম্যান হিসেবে মীনেশ কুমার চম্পকলাল শাহ এই পদে মঙ্গলজিৎ রাইয়ের স্থলাভিষিক্ত হলেন।

61. (d) ৬ এপ্রিল সারা বিশ্বজুড়ে পালিত হওয়া International Day of Sports for Development Peace-এর এবছরের থিম হল— “Sport for the Pronotion of Peaceful and Inclusive Societies’.

62. (c) ভারত ২০৪৭ সালের মধ্যে ১০০ গিগাওয়াট পারমাণবিক শক্তি উৎপাদনের লক্ষ্যমাত্রা গ্রহণ করেছে। অ্যাচিভার্স

63. (c) রেমাইন ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড উত্তরাখণ্ডের সিতারগঞ্জ-এ ব্যবসায়িকভাবে রি-সাইক্লিং লিথিয়াম আয়ন ব্যাটারি প্রস্তুত কারখানা গড়ে তুলতে চলেছে।

64. (c) সম্প্রতি সেন্ট্রাল কোল্ডফিল্ড লিমিটেড ‘Fuelling Sustainable Growth’ নামক ট্যাগলাইন সহযোগে নতুন লোগো চালু করেছে.। অ্যাচিভার্স

65. (a) সম্প্রতি গিগ (gig) ওয়ার্কারদের জন্য মাইক্রো লোন প্রদানের জন্য SIDBI-র সঙ্গে মউ স্বাক্ষর করেছে অনিয়নলাইফ প্রাইভেট লিমিটেড।

66. (d) সম্প্রতি মাদ্রাজ আইআইটি প্রতিষ্ঠান ‘Experimental Licence Module for 100 5G Labs’ চালু করেছে। এর আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন কেন্দ্রীয় টেলিকমিউনিকেশন বিভাগের সচিব ডক্টর নীরজ মিত্তল।

67. (a) সম্প্রতি হুরুন ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত ‘Global Unicorn Index-2024’-এ ভারত তৃতীয় স্থানে এবং চীন প্রথম স্থানে রয়েছে। অ্যাচিভার্স

68. (d) সৌদি আরব রাষ্ট্রসংঘের ‘কমিশন অন স্ট্যাটাস অফ ওম্যান’-এর ৬৯তম বার্ষিক অধিবেশনের চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হয়েছে। ২০২৫ সালে এই অধিবেশন অনুষ্ঠিত হবে।

69. (c) সম্প্রতি এয়ার ইন্ডিয়া কোম্পানি, ব্যাঙ্গালোর ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট লিমিটেডকে ‘প্রিমিয়ার অ্যাভিয়েশন হাব’ হিসেবে উন্নীত করতে সংশ্লিষ্ট এয়ারপোর্ট কর্তৃপক্ষের সঙ্গে মউ স্বাক্ষর করেছে। অ্যাচিভার্স

70. (d) মমতা জি সাগর WOW ওয়ার্ল্ড লিটারারি প্রাইজে ভূষিত হলেন। তিনি একজন বিশিষ্ট কন্নড় কবি, লেখক ও সমাজকর্মী ছিলেন।

71. (a) কেন্দ্রীয় সরকার কর্তৃক গঠিত ১৬তম অর্থ কমিশনের পূর্ণ সময়ের সদস্য হিসেবে নিযুক্ত হলেন মনোজ পন্ডা। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী নিরঞ্জন রাজাধ্যক্ষর স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

72. (d) ৮ এপ্রিল সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল রোমানি ডে পালিত হল। ১৯৯০ সালের ৮ এপ্রিল প্রথম এই দিবসটি পালন করার কথা ঘোষণা করা হয়েছিল।

73. (a) সম্প্রতি মরিশাস ভারতের সহিত যৌথভাবে Double Tax Avoidance Agreement (DTAA) সংশোধন করেছে।

74. (b) IPPB কনভেনিয়েন্ট ক্যাশ উইথড্রয়ালের জন্য Aadhar ATM Service চালু করেছে। NPCI-এর সহায়তায় এই পরিষেবা প্রদান করা হবে। অ্যাচিভার্স

75. (c) ICICI Lombard General Insurance Company Limited পলিসিবাজার প্ল্যাটফর্মে বিমা প্রোডাক্ট প্রদান করার জন্য পলিসি বাজারের সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

76. (d) বিশিষ্ট চলচ্চিত্র অভিনেত্রী অবন্তিকা বান্দানপু সাউথ এশিয়ান অ্যাসোসিয়েশন কর্তৃক প্রদত্ত ‘সাউথ এশিয়ান পার্সন অফ দ্য ইয়ার’ সম্মানে ভূষিত হয়েছেন। হাভার্ড বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এক পুরস্কার বিতরণী সভায় তাঁর হাতে এই পুরস্কার তুলে দেওয়া হয়েছে। অ্যাচিভার্স

77. (c) ন্যাশনাল জুডিশিয়াল অ্যাকাডেমির ডিরেক্টর হিসেবে অনিরুদ্ধ বোস নিযুক্ত হলেন। তিনি সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি ছিলেন।

78. (a) ১১ এপ্রিল সারা দেশজুড়ে ন্যাশনাল সেফ মাদারহুড ডে পালিত হল। ১১ এপ্রিল গান্ধীজির পত্নী কস্তুরবা গান্ধীর জন্ম দিবস। অ্যাচিভার্স

79. (d) ধীরেন্দ্র কুমার সান্যাল ২০২৪ সালের সাগর সম্মান বরুণ অ্যাওয়ার্ডে ভূষিত হলেন। ন্যাশনাল মেরিটাইম ডে উপলক্ষ্যে মুম্বাইয়ে আয়োজিত পুরস্কার বিতরণী সভায় তাঁর হাতে আনুষ্ঠানিকভাবে এই পুরস্কার তুলে দেওয়া হল।

80. (d) আইএনএস সারদা নামক ভারতীয় নৌজাহাজ 'On the Spot Unit Citation 2023-2024'-এ ভূষিত হয়েছে।

81. (c) সাইমন হ্যারিস আয়ারল্যান্ডের প্রধানমন্ত্রী হিসেবে এই পদে পূর্ববর্তী পদাধিকারী লিও ভারদাকারের স্থলাভিষিক্ত হলেন।

82. (a) সম্প্রতি ইউএস-ইন্ডিয়া স্ট্রাটেজিক পার্টনারশিপ ফোরাম (USISPF) এর ইউএস-ইন্ডিয়া ট্যাক্স ফোরামের চেয়ারপার্সন হিসেবে তরুণ বাজাজ এই পদে নিযুক্ত হলেন। তিনি বর্তমানে হিন্দুস্থান ইউনিলিভার লিমিটেডের স্বাধীন ডিরেক্টর হিসাবে নিযুক্ত আছেন।

83. (c) ৯ এপ্রিল সিআরপিএফ ভ্যালোর ডে/শৌর্যদিবস পালিত হল। এছাড়া ৫৯তম সিআরপিএফ ডে পালিত হল।

84. (c) মেয়েদের ক্ষমতায়নের উদ্দেশ্যে NTPC Ltd. সম্প্রতি সারা দেশজুড়ে 'Girl Empowerment Mission (GEM)' চালু করেছে। সারা দেশের তিন হাজার মেয়েকে এই কর্মসূচীর আওতায় আনা হয়েছে।

85. (a) সম্প্রতি গগনদীপ ক্যাং 'জন ডিকস কানাডা গার্ডেনার গ্লোবাল হেলথ অ্যাওয়ার্ডে' ভূষিত হলেন। তিনি ভারতের একজন বিশিষ্ট মাইক্রোবায়োলজিস্ট ছিলেন।

86. (b) অডি উইগডারসন ACM AM Turing Award-এ ভূষিত হলেন। তিনি একজন বিশিষ্ট কম্পিউটার বিজ্ঞানী ও পরিসংখ্যানবিদ ছিলেন।

87. (d) সম্প্রতি ইউজিসি'-র সদস্য হিসেবে নির্বাচিত হলেন আশীষ কুমার এবং শ্রীধর ভেম্বু।

88. (d) আইসল্যান্ডের প্রধানমন্ত্রী হিসেবে নিযুক্ত হলেন বিজার্নি বেনেডিক্টসন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী ক্যাটরিন জেক বস দোতিরের স্থালাভিষিক্ত হলেন।

89. (c) ১২ এপ্রিল সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল 'হিউম্যান স্পেস ফ্লাইট ডে' পালিত হল। ২০১১ সালে প্রথম এই দিবসটি পালিত হল।

90. (a) সম্প্রতি অনুষ্ঠিত ২০২৪ সালের ব্যাডমিন্টন এশিয়া চ্যাম্পিয়নশিপে পুরুষদের সিঙ্গলসে জোনাথন ক্রিস্টি চ্যাম্পিয়ন হলেন।

91. (c) পদ্মভূষণ পুরস্কার বিজয়ী সত্যনারায়ণ গঙ্গারাম পিত্রোদা'র সদ্য প্রকাশিত গ্রন্থের নাম হল- 'The idea of Democracy'.

92. (d) জনা স্মল ফিন্যান্স ব্যাঙ্ক তাদের গ্রাহকদের জীবন বিমা পরিষেবা প্রদান করার জন্য কোটাক মাহিন্দ্রা লাইফ ইন্সিয়োরেন্সর সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

93. (a) শেখ আহমেদ আব্দুল্লাহ আল-আহমেদ আল সাবাহের স্থলাভিষিক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী শেখ মহম্মদ সাবাহ আল সালেম আল সাবাহ'র স্থলাভিষিক্ত হলেন।

94. (a) ১৫ এপ্রিল সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড আর্ট ডে পালিত হল। ২০১২ সালে প্রথম এই দিবসটি পালন করা শুরু হয়েছিল।

95. (b) মাদ্রাজ আইআইটি ভারতের মধ্যে প্রথম 'Medical devices calibration facility on wheels' চালু করেছে।

96. (b) বেসরকারি অ্যাক্সিস ব্যাঙ্ক শপার্স স্টপ লিমিটেডের সহায়তায় কো-ব্র্যান্ডেড ক্রেডিট কার্ড চালু করেছে।

97. (d) সম্প্রতি প্রকাশিত UNCTAD-এর রিপোর্ট (এপ্রিল - ২০২৪) অনুযায়ী ২০২৪ অর্থবর্ষে ভারতের জিডিপি বৃদ্ধির হার 6.5% হবে বলে অনুমান করেছে।

98. (c) কেন্দ্রীয় আইন ও বিচারমন্ত্রক কুইয়ার কমিউনিটি (LGBTQIA+) বিষয়ে পর্যালোচনার উদ্দেশ্যে রাজীব গাউবা'র নেতৃত্বে ছয় সদস্যের কমিটি গঠন করেছে।

99. (d) সম্প্রতি নাইজেরিয়া বিশ্বের প্রথম দেশ হিসেবে মেনিনজাইটিস রোগ নির্মূলীকরণে মেনিনজাইটিস ভ্যাকসিন 'Men5CV' ব্যবহারের জন্য ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশনের ছাড়পত্র লাভ করেছে।

100. (c) ১৭ এপ্রিল সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড হিমোফিলিয়া ডে' পালিত হল। যার এবছরের থিম হল– "Equitable access for all: recognizing all bleeding disorders".

★★★